গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
নাসিরাবাদ, চট্টগ্রাম।
ওয়েব সাইট : cgwc.edu.bd

নম্বর : ১৬৩

তারিখ : ০৯/০৩/২০২২ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

কলেজের সকল শ্রেণির ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, "১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২২" উদ্‌যাপনের লক্ষ্যে আগামী ১৫/০৩/২০২২ খ্রিঃ, মঙ্গলবার, সকাল ১০.৩০ টায়, কলেজ অডিটোরিয়ামে শিশুদের চিত্রাংকন ও ছাত্রীদের কবিতা আবৃত্তি এবং গানের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় আগ্রহীদেরকে আগামী ১৩/০৩/২০২২ খ্রিঃ, রবিবার এর মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, ক্লাস রোল, বিভাগ ও মোবাইল নম্বর উল্লেখপূর্বক বাংলা বিভাগের সহকারী অধ্যাপক জনাব তারিফা সুলতানা এর নিকট জমাদানের জন্য নির্দেশ দেয়া হল।

- **সম্মানিত শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের চিত্রাংকন প্রতিযোগিতা (বয়স সর্বোচ্চ ১২ বছর) :**

  ক - বিভাগ - শিক্ষকদের সন্তান, সময়- সকাল ১০.৩০ ঘটিকায়, স্থান- ১০৯নং কক্ষ
  খ - বিভাগ - কর্মচারীদের সন্তান, সময়- সকাল ১০.৩০ ঘটিকায়, স্থান- ১০৯নং কক্ষ

- **ছাত্রীদের কবিতা আবৃত্তি প্রতিযোগিতা :**

  ক - বিভাগ - একাদশ ও দ্বাদশ শ্রেণি, সময়- সকাল ১১.০০ ঘটিকায়, স্থান- ১০৯নং কক্ষ
  কবিতা- 'ধন্য সেই পুরুষ'- শামসুর রাহমান।

  খ - বিভাগ - স্নাতক (পাস ও অনার্স) স্নাতকোত্তর (প্রিলি ও এম.এ ফাইনাল) শ্রেণি,
  সময়- দুপুর ১২.০০ ঘটিকায়, স্থান- ১০৯নং কক্ষ
  কবিতা- '৩২ নম্বর মেঘের ওপারে- আনিসুল হক।

- **ছাত্রীদের গানের প্রতিযোগিতা (বঙ্গবন্ধুকে নিয়ে রচিত) :**

  ক - বিভাগ - একাদশ ও দ্বাদশ শ্রেণি, সময়- দুপুর ১২.০০ ঘটিকায়, স্থান- ১০৯নং কক্ষ
  খ - বিভাগ - স্নাতক (পাস ও অনার্স) স্নাতকোত্তর (প্রিলি ও এম.এ ফাইনাল) শ্রেণি,
  সময়- দুপুর ১২.৩০ ঘটিকায়, স্থান- ১০৯নং কক্ষ

০৯/০৩/২২
(প্রফেসর তাহমিনা আক্তার নূর)
অধ্যক্ষ
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
চট্টগ্রাম।

৯/৩/২২
(প্রফেসর নীলুফার আকতার)
অধ্যাপক, দর্শন
ও আহ্বায়ক
১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস
ও জাতীয় শিশু দিবস ২০২২ উদ্‌যাপন কমিটি
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
চট্টগ্রাম

Dibos Notice

ক-বিভাগ : একাদশ ও দ্বাদশ শ্রেণির জন্য নির্ধারিত কবিতা

## ধন্য সেই পুরুষ

শামসুর রাহমান

ধন্য সেই পুরুষ নদীর সাঁতার পানি থেকে যে উঠে আসে
সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে;
ধন্য সেই পুরুষ, নীল পাহাড়ের চূড়া থেকে যে নেমে আসে
প্রজাপতিময় সবুজ গালিচার মত উপত্যকায়;
ধন্য সেই পুরুষ হৈমন্তিক বিল থেকে যে উঠে আসে
রঙ বেরঙের পাখি ওড়াতে ওড়াতে।
ধন্য সেই পুরুষ কাহাতের পর মই-দেয়া ক্ষেত থেকে যে ছুটে আসে
ফসলের স্বপ্ন দেখতে দেখতে।
ধন্য আমরা, দেখতে পাই দূরদিগন্ত থেকে এখনো তুমি আসো,
আর তোমারই প্রতীক্ষায়
ব্যাকুল আমাদের প্রাণ, যেন গ্রীষ্মকাতর হরিণ
জলধারার জন্যে। তোমার বুক ফুঁড়ে অহংকারের মতো
ফুটে আছে রক্তজবা, আর
আমরা সেই পুষ্পের দিকে চেয়ে থাকি, আমাদের
চোখের পলক পড়তে চায় না,
অপরাধে নত হয়ে আসে আমাদের দুঃস্বপ্নময় মাথা।
. . . . . .

স্বৈরাচারের মাথায় মুকুট পরাচ্ছে ফেরেব্বাজের দল।
দেখ, প্রত্যেকটি মানুষের মাথা
তোমার হাঁটুর চেয়ে এক তিল উঁচুতে উঠতে পারছে না কিছুতেই।
তোমাকে হারিয়ে
আমরা সন্ধ্যায়, হারিয়ে যাওয়া ছায়ারই মতো হয়ে যাচ্ছিলাম,
আমাদের দিনগুলি ঢেকে যাচ্ছিল শোকের পোশাকে,
তোমার বিচ্ছেদের সংকটের দিনে
আমরা নিজেদের ধ্বংসস্তূপে বসে বিলাপে ক্রন্দনে
আকাশকে ব্যথিত করে তুললাম ক্রমাগত; তুমি সেই বিলাপকে
রূপান্তরিত করেছো জীবনের স্তুতিগানে, কেননা জেনেছি—
জীবিতের চেয়েও অধিক জীবিত তুমি।

খ-বিভাগ : স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির জন্য নির্ধারিত কবিতা

## ৩২ নম্বর মেঘের ওপারে

আনিসুল হক

আকাশের ওপারে আকাশ,
তার ওপরে মেঘ,
মেঘের মধ্যে বাড়ি—
৩২ নম্বর মেঘমহল।
৩২ নম্বরের বারান্দায় দাঁড়িয়ে আপনি।
আপনার গায়ে ধবধবে সাদা পাঞ্জাবি,
চোখে কালো মোটা ফ্রেমের চশমা,
হাতে পাইপ।
ছাদের কিনারে সানসেটে উড়ছে কবুতরগুলো।
উঠানে সাইকেল-রিকশা চালাচ্ছে লাল সোয়েটার পরা রাসেল।

পানের ডিব্বা নিয়ে ডাইনিং টেবিলের পাশের গোল টেবিলটাতে সুপারি কাটায় ব্যস্ত আপনার রেণু।
জামাল মুক্তিযুদ্ধের ট্রেনিংয়ের সময় পাওয়া ক্যাপটা পরে আয়নায় তাকাচ্ছেন।
ছাদের ঘরে বেহালা বাজাচ্ছেন কামাল। মেঘে মেঘে ছড়িয়ে পড়ছে বেহালার মূর্ছনা।
আকাশের ওপারে আকাশ, তার ওপরে মেঘ,
মেঘের মধ্যে বাড়ি—৩২ নম্বর মেঘমহল।
সেইখানে দোতলার ঝুল-বারান্দায় দাঁড়িয়ে
পুরু লেন্সের ভেতর থেকে পূর্ণ চোখে তাকিয়ে আপনি দেখছেন...

আপনি চশমা খুলে হাতে নিলেন,
আপনার উজ্জ্বল চোখ দুটি থেকে গড়িয়ে পড়ল দুফোঁটা অশ্রু।
অনেক নিচে মর্ত্যের এক চার কোনা ঘরে লেখার টেবিলে বসে আছি—
আমার চোখ ভিজে গেল
আমি পাশ-টেবিলে রাখা বাংলাদেশের পতাকাটা বুকে জড়িয়ে ধরে বললাম,
কে বলেছে আপনি নাই, এই তো আপনি আছেন—এইখানে,
সবখানে, সমস্ত বাংলায়—
এইখানে বাংলার লাল ও সবুজে
আমাদের অশ্রু আর ভালোবাসায়,
আমাদের মাথা উঁচু করে দাঁড়াবার
আর এগিয়ে যাওয়ার অমোঘ মন্ত্রে—
'মানুষকে দাবায়া রাখতে পারবা না...'

০২/০৬/২২

২/৬/22